

ওমান থেকে দুবাইয়ে ফেরত গেল বিমান

- A Monitor Desk Report

Date: 09 September, 2024



ঢাকাঃ দুবাই থেকে ঢাকার উদ্দেশে রওনা হয়ে ককপিটের উইন্ডশিল্ডে (সামনের অংশের কাচ) ফাটল দেখা দেয় বিমান বাংলাদেশের একটি ফ্লাইটে।

বিষয়টি পাইলটের যখন চোখে পড়ে, তখন তিনি ওমানের আকাশে। সেখান থেকেই তাৎক্ষণিক সিদ্ধান্তে বিমানটি দুবাইয়ে ফিরিয়ে নিয়ে যান তিনি। বোয়িং ৭৮৭-৮ ড্রিমলাইনার উড্ডোজাহাজে শনিবার রাতে ঘটনাটি ঘটে। বিমানের বিজি-৩৪৮ ফ্লাইটটি স্থানীয় সময় শনিবার (৭ সেপ্টেম্বর) রাত ১২টায় দুবাই থেকে ঢাকার উদ্দেশে রওনা হয় বলে জানায় বিমান বাংলাদেশ।

বিমান বাংলাদেশ এয়ারলাইনসের জনসংযোগ বিভাগের মহাব্যবস্থাপক বোসরা ইসলাম সংবাদমাধ্যমকে বলেন, ককপিটের কাচে ফাটল দেখা দেওয়ার পর ক্যাপ্টেন ফ্লাইটটিকে দুবাই ফেরানোর সিদ্ধান্ত নেন। যাত্রীরা বর্তমানে দুবাইয়ে আছে। তাদের দেশে ফেরাতে বিমানের একটি রেসকিউ ফ্লাইট দুবাইয়ের উদ্দেশে রওনা হয়েছে।

বিমান বাংলাদেশ এয়ারলাইনস সূত্রে জানা গেছে, রেসকিউ ফ্লাইটটি ঢাকা থেকে দুপুর ১২টা ৫০ মিনিটে দুবাইয়ের উদ্দেশে রওনা হয়েছে। ফ্লাইটটি বিকাল ৫টায় দুবাই পৌঁছাবে। আটকে থাকা যাত্রীদের নিয়ে গতকাল রাত ১০টা ৫০ মিনিটে ঢাকায় ফেরার কথা।

-B